

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২১ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/০৮ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৬২.০২২.১৭.০৮—বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের
বিচারপতি মোহাম্মদ বজলুর রহমান গত ০১ জানুয়ারি ২০১৭ তারিখে ইষ্টেকাল করেন (ইন্সিলিউম
... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬২ বছর।

২। বিচারপতি মোহাম্মদ বজলুর রহমানের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার
শান্তি কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে
মন্ত্রিসভার ১৯ পৌষ ১৪২৩/০২ জানুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১৬৫)
মূল্য : টাকা ৮.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১৯ পৌষ ১৪২৩
ঢাকা: ০২ জানুয়ারি ২০১৭

বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতি মোহাম্মদ বজলুর রহমান গত ০১ জানুয়ারি ২০১৭ তারিখে ইন্টেকাল করেন (ইন্লিপ্লাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬২ বছর।

বিচারপতি মোহাম্মদ বজলুর রহমান ১৯৫৫ সালে চাঁপাইনবাবগঞ্জে জন্মগ্রহণ করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিপ্রি অর্জন করেন। ১৯৮৪ সালে তিনি ঢাকা জেলা বারে এবং ১৯৮৭ সালে বাংলাদেশ সুপ্রিম কোর্টে আইনজীবী হিসাবে অন্তর্ভুক্ত হন। তিনি ২০০১ সালে হাইকোর্ট বিভাগের অতিরিক্ত বিচারপতি, ২০০৯ সালে স্থায়ী বিচারপতি এবং ২০১৬ সালে আপিল বিভাগের বিচারপতি নিযুক্ত হন।

বিচারপতি মোহাম্মদ বজলুর রহমান তাঁর অসাধারণ পেশাগত দক্ষতা ও মননশীলতার মধ্য দিয়ে দেশে ন্যায়বিচার প্রতিষ্ঠায় অসামান্য অবদান রেখে গেছেন। তাঁর মৃত্যুতে দেশ একজন প্রজ্ঞাবান, ন্যায়পরায়ণ ও কর্মনিষ্ঠ বিচারককে হারাল। দেশের বিচার অঙ্গানে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতা।

মন্ত্রিসভা বিচারপতি মোহাম্মদ বজলুর রহমানের মৃত্যুতে গভীর শোক প্রকাশ এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছে। তাঁর শোকসন্তুষ্ট পরিবারের সদস্যদের প্রতি মন্ত্রিসভা আন্তরিক সমবেদন জানাচ্ছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd